“আমরা স্বাবলম্বী হব
সকলে কর দেব”
- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“আমরা বদলে যাব
আমরা বদলে দিব”

উৎসে কর

সংক্রান্ত নির্দেশিকা
(অর্থ বছর : ২০২৩-২০২৪)

কর অঞ্চল - ২, চট্টগ্রাম

প্রধান পৃষ্ঠপোষক ■ **ড. মোঃ সামছুল আরেফিন**
কর কমিশনার, কর অঞ্চল-২, চট্টগ্রাম

সম্পাদনা সহযোগী ■ **জনাব মোঃ মোসাদ্দেক হুসেন**
অতিরিক্ত কর কমিশনার
পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-২, চট্টগ্রাম

■ **জনাব শান্ত কুমার সিংহ**
যুগ্ম কর কমিশনার
পরিদর্শী রেঞ্জ-৩, কর অঞ্চল-২, চট্টগ্রাম

■ **জনাব অসীম চন্দ**
যুগ্ম কর কমিশনার
পরিদর্শী রেঞ্জ-৪, কর অঞ্চল-২, চট্টগ্রাম

■ **জনাব মোঃ রকিবুল হাফিজ**
উপকর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-২, চট্টগ্রাম

■ **জনাব মোঃ তারিকুল ইসলাম**
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রায়োগিক), কর অঞ্চল-২, চট্টগ্রাম

■ **জনাব সুমন মিয়া**
সহকারী কর কমিশনার
কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-২, চট্টগ্রাম

■ **জনাব মোঃ ইয়াছিন আলী**
কর পরিদর্শক
কর অঞ্চল-২, চট্টগ্রাম

মুদ্রণ ■ **লাকী পেপার এন্ড প্রিন্টিং**
কদম মোবারক, মোমিন রোড
আন্দরকিল্লা, চট্টগ্রাম।

তথ্যকাল ■ আগস্ট- ২০২৩

প্রকাশ ■ আগস্ট- ২০২৩

উৎসে কর নির্দেশিকা
(২০২৩-২০২৪)

অর্থ বৎসর ২০২৩-২০২৪ এর জন্য প্রযোজ্য উৎসে আয়কর কর্তন / সংগ্রহ এবং সরকারী কোষাগারে জমাদান বিষয়ক তথ্য কণিকা

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং - ০৮.০১.০০০০.০২৭.০৭.০০২.২০(অংশ-২)/৫৭৪, তারিখ ২০.০৮.২০২৩ খ্রিঃ মোতাবেক আয়কর আইন, ২০২৩ এর নিম্নোক্ত ধারা মোতাবেক নিম্নবর্ণিত উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষগণ উৎসে কর কর্তন / সংগ্রহ পূর্বক কর অঞ্চল-২, চট্টগ্রাম এর হিসাব কোড এ জমা প্রদান করবেন :

i) উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ : অধিক্ষেত্রাধীন কোম্পানী (চট্টগ্রাম ও বান্দরবান সিভিল জেলায় যে সকল কোম্পানীর প্রধান কার্যালয় অবস্থিত এবং যে সকল কোম্পানীর নামের আদ্যক্ষর বর্ণমালার J, N, O, P, S, U, V, Y (নামের পূর্বে 'দি' এবং 'মেসার্স' ব্যতীত) বর্ণ দ্বারা আরম্ভ হয় সে সকল করদাতা কোম্পানী এবং বিশেষ অধিক্ষেত্র হিসাবে ভেজিটেবল অয়েল, রিয়েল এস্টেট, অনিবাসী (ব্যক্তি করদাতা), শিপিং ফ্রেইট, স্বর্ণ ব্যবসা, মানি চেঞ্জার, রেন্ট-এ-কার, ট্যাক্সি ক্যাব, ট্যুর অপারেটর, কম্পিউটার, সাইবার ক্যাফে, আই.এস.পি, ব্রড ব্যান্ড সংযোগকারী এবং ক্যাবল অপারেটর) ;

উৎসে কর কর্তনের ধারা : (i) এ বর্ণিত উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষগণ আয়কর আইন, ২০২৩ এর অংশ-৭ ও উৎসে কর কর্তন সংশ্লিষ্ট অন্যান্য সকল ধারায় বর্ণিত উৎসে কর কর্তনপূর্বক কর অঞ্চল-২, চট্টগ্রাম এর হিসাব কোড এ জমা প্রদান করবেন।

ii) উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ : চট্টগ্রাম ও বান্দরবান জেলায় অবস্থিত আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৩১) অনুযায়ী কোম্পানী হিসেবে সংজ্ঞায়িত কিন্তু ধারা ১৬৬(২) অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল হতে অব্যাহতিপ্রাপ্ত এমন কোম্পানি (যেমন রিটার্ন দাখিল হতে অব্যাহতি প্রাপ্ত সরকারের কোন কর্তৃপক্ষ বা স্বায়ত্তশাসিত সংস্থা, সরকারী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ব্যাংক, স্থানীয় কর্তৃপক্ষ ইত্যাদি।)

উৎসে কর কর্তনের ধারা : (ii) এ বর্ণিত উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষগণ আয়কর আইন, ২০২৩ এর ধারা ৮৯, ৯০, ৯১, ৯৫, ১০৯, ১১০, ১১১, ১১৫, ১৩১ এবং ১৩৪ এ বর্ণিত উৎসে কর কর্তনপূর্বক কর অঞ্চল-২, চট্টগ্রাম এর হিসাব কোড এ জমা প্রদান করবেন।

এ চালান/অনলাইন পেমেন্ট এর মাধ্যমে নিম্নলিখিত কোডে সরকারি কোষাগারে উৎসে কর্তিত কর জমা প্রদান করা যাবে-

কোম্পানি করদাতার নিকট হতে উৎসে কর কর্তন করা হলে:	কোম্পানি ব্যতিত অন্যান্য করদাতার নিকট হতে উৎসে কর কর্তন করা হলে:
১১১০২১৫১০২৬১৩-১১০০০০০০০-১১০০১০০০-১১১২১০১	১১১০২১৫১০২৬১৩-১১০০০০০০০-১১০০১০০০-১১১১১০১

কর অঞ্চল-২, চট্টগ্রাম এর অনুকূলে উৎসে কর্তনকৃত/সংগৃহীত আয়কর চালানের মাধ্যমে জমার ক্ষেত্রে হিসাব কোড ঃ

*	কোম্পানীর জন্য	১	১ ১ ৪ ১	০ ০ ৪ ৫	০ ১ ০ ১
*	কোম্পানী ব্যতীত	১	১ ১ ৪ ১	০ ০ ৪ ৫	০ ১ ১ ১

কর অঞ্চল-২, চট্টগ্রাম এর কোম্পানী সার্কেল সমূহের নতুন কোড (আইবাস++, এ চালান ও ই-পেমেন্ট এর জন্য প্রযোজ্য)

অফিস/কার্যালয়/সার্কেল	Organisation Code	Economic Code
সার্কেল-২৩ (কোম্পানীজ)	১১১০২১৭১০২৬১৭	কোম্পানীর জন্য- ১১১২১০১ কোম্পানী ব্যতীত অন্যান্য- ১১১১১০১
সার্কেল-২৪ (কোম্পানীজ)	১১১০২১৭১০২৬১৮	
সার্কেল-২৫ (কোম্পানীজ)	১১১০২১৭১০২৬১৯	
সার্কেল-২৯(কোম্পানীজ)	১১১০২১৭১০২৬২৩	
সার্কেল-৩০ (কোম্পানীজ)	১১১০২১৭১০২৬২৪	
সার্কেল-৩৫ (কোম্পানীজ)	১১১০২১৭১০২৬২৯	

সম্মানিত উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষগণ লক্ষ্য করুন ঃ-

- উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ বিল গ্রহণকারী/সরবরাহকারীকে একটি Certificate প্রদান করবে। {ধারা ১৪৫}
- উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ যেমন কোম্পানী, ফার্ম, ব্যক্তিসংঘ, বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ইত্যাদি (স্থানীয় কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা, সরকারের কোন কর্তৃপক্ষ, সকল সরকারী শিক্ষা প্রতিষ্ঠান ও এমপিও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য কোম্পানি) প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে অংশ ৭ এর বিধানাবলির অধীন কর্তনকৃত বা সংগ্রহকৃত উৎসে করের রিটার্ন সংশ্লিষ্ট সার্কেলে দাখিল করিবেন। ধারা-১৭৭(১)
- উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ (কোম্পানী, ফার্ম, ব্যক্তিসংঘ, বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার) ধারা-১৭৭(২) মোতাবেক যথা সময়ে সংশ্লিষ্ট সার্কেলের উপ কর কমিশনার বরাবর তথ্যাদি প্রেরণ করবে।
- উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের জন্য প্রযোজ্য রিটার্ন দাখিল করবে। ধারা-১৭৭(৩)(ক)
- কর নির্ধারণকালে ব্যয়/পরিশোধের সময় উৎসে কর কর্তন/সংগ্রহে ব্যর্থ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট দাবিকৃত খরচসমূহ অনুমোদনযোগ্য হবে না। ধারা-৫৫

দৃষ্টি আকর্ষণ:

ধারা-১১৯ এর ব্যতিক্রম সাপেক্ষে ও এ অধ্যায়ের অন্যান্য ধারায় বর্ণিত কর কর্তনের ক্ষেত্রে বিলের অর্থ গ্রহীতার রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপনের ব্যর্থতায় প্রযোজ্য হার ৫০% বেশি হবে। {ধারা-১৪২(১)}

উৎসে কর কর্তন না করলে অথবা কর্তনকৃত কর সরকারী কোষাগারে জমা না দিলেঃ-

- বিল পরিশোধকারী ব্যক্তি ঐ করের জন্য খেলাপী করদাতা হিসেবে বিবেচিত হবেন। ধারা-১৪৩(১)
- আয়কর আইন, ২০২৩ এর অংশ-৭ এর অন্য কোন বিধানাবলি পরিপালনের ব্যর্থতায় ১০ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা। ধারা-১৪৩(২)
- উক্ত ব্যক্তিকে মাসিক ২% হারে অতিরিক্ত কর দিতে হবে। ধারা-১৪৩(৩)
- ১ বছরের জেল এবং/অথবা জরিমানা হতে পারে। ধারা-৩১১, ধারা-৩১৫

উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি- ৮ অনুযায়ী উৎসে কর্তিত / সংগৃহীত কর জমাদানের সময়সীমা :

উৎসে কর কর্তন / সংগ্রহের সময়সীমা	সরকারী কোষাগারে জমাদানের সময়সীমা
ক) অর্থ বৎসরের জুলাই থেকে মে মাসের যে কোনো কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে	কর্তন বা সংগ্রহের মাসের শেষে পরবর্তী ০২ (দুই) সপ্তাহের মধ্যে
খ) অর্থ বৎসরের জুন মাসের ১ম থেকে ২০তম দিনের যেকোনো দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে	কর্তন বা সংগ্রহের দিনের পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে
গ) অর্থ বছরের জুন মাসের অন্যান্য যেকোনো দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে	কর্তন বা সংগ্রহের পরবর্তী দিন
ঘ) জুন মাসের শেষ ২ (দুই) কার্যদিবস (২৯-৩০ জুন)	কর্তন বা সংগ্রহের দিন

মুদ্রণজনিত ত্রুটি বা অন্য কোন কারণে বর্ণিত হার যদি আয়কর আইন-২০২৩ বা সংশ্লিষ্ট প্রজ্ঞাপনে বর্ণিত হার অপেক্ষা ভিন্ন হয় তাহলে আয়কর আইন-২০২৩ বা সংশ্লিষ্ট প্রজ্ঞাপনে বর্ণিত হার অনুসরণ করতে হবে।

উৎসে আয়কর কর্তন/ সংগ্রহের খাত, ধারা ও হার

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার
০১	ধারা-৮৬	চাকরির আয় হতে উৎসে কর কর্তন	ব্যক্তি করদাতাদের ক্ষেত্রে প্রযোজ্য করের গড় হার
০২	ধারা-৮৭	সংসদ সদস্যদের সম্মানী হইতে কর কর্তন	ব্যক্তি করদাতাদের ক্ষেত্রে প্রযোজ্য করের গড় হার
০৩	ধারা-৮৮	শ্রমিক অংশগ্রহণ তহবিলে প্রদত্ত অর্থ হতে উৎসে কর্তন	১০%
০৪	ধারা-৮৯ (বিধি-৩)	ক) ঠিকাদারী চুক্তি (লিখিত বা অলিখিত), সাব-কন্ট্রাক্ট (লিখিত বা অলিখিত) খ) পণ্য সরবরাহ গ) উৎপাদন, প্রক্রিয়াকরণ বা রুপান্তর ঘ) মুদ্রণ, প্যাকেজিং বা বাঁধাই	* ভিত্তিমূল্যের পরিমাণ ৫০ লক্ষ টাকার অধিক না হলে ৩% * ভিত্তিমূল্যের পরিমাণ ৫০ লক্ষ টাকার অধিক কিন্তু ২ কোটি টাকার অধিক না হলে ৫% * ভিত্তিমূল্যের পরিমাণ ২ কোটি টাকার অধিক হলে ৭% * ভিত্তিমূল্য" বলিতে নিম্নবর্ণিত ৩ (তিন) টি বিষয়ের মধ্যে যাহা অধিক তাহাকে বুঝাইবে- (অ) চুক্তি মূল্য; (আ) বিল বা ইনভয়েসের অঙ্ক; বা (ই) পরিশোধ
		ঙ) সিগারেট, বিড়ি, জর্দা, তামাক পাতা, গুল সহ যেকোন ধরণের তামাকজাত পণ্য সরবরাহের ক্ষেত্রে	১০%
		১) পেট্রোলিয়াম তেল এবং লুব্রিকেন্ট বিপণনে নিযুক্ত তেল বিপণন কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে	০.৬%
		২) পেট্রোল পাম্প স্টেশন ব্যতীত তৈল বিপণন কোম্পানীর এজেন্ট বা ডিলার কর্তৃক তৈল সরবরাহের ক্ষেত্রে	১%
		৩) তেল শোধন (Oil Refinery) কার্যক্রমে নিযুক্ত কোন কোম্পানী কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে	৩%
		৪) গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে	৩%
		৫) গ্যাস বিতরণে নিযুক্ত কোম্পানীর ক্ষেত্রে	৩%
		৬) স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization Line রয়েছে এ রকম কোন কোম্পানি কর্তৃক তৈরিকৃত ৩৩ কেভি হতে ৫০০ কেভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে-	৩%

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার
		৭) এম এস বিলেট ব্যতীত সিমেন্ট, লৌহ ও লৌহপণ্য, ফেরো অ্যালয় উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে	২%
		৮) এম এস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে	০.৫০%
		৯) স্থানীয়ভাবে ক্রয়কৃত এমএস স্ক্র্যাপের ক্ষেত্রে	০.৫০%
		১০) চাল, গম, আলু, পেঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, খেজুর, তেজ পাতা, পাট, তুলা, সুতা এবং সব ধরণের ফলের ক্ষেত্রে	২%
		১১) সরকার, সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধিনস্থ অফিস ব্যতীত অন্য কোন ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে	৩%
		১২) খুচরা ব্যবসায়ীর নিকট ট্রেডিং পণ্য সরবরাহের ক্ষেত্রে	৫%
		১৩) উৎপাদনকারী প্রতিষ্ঠানে কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে	৪%
০৫	ধারা-৯০ (বিধি-৪)	ক) উপদেষ্টা বা পরামর্শ	১০%
		খ) পেশাদার সেবা (Professional Service), প্রযুক্তিগত সেবা ফি (Technical Services fee), বা প্রযুক্তিগত সহায়তা ফি (Technical Know-how or Technical assistance fee)	১০%
		গ) ক্যাটারিং; ক্লিনিং, সংগ্রহ ও পুনরুদ্ধার এজেন্সি; ব্যক্তিগত নিরাপত্তা; জনবল সরবরাহ; ক্রিয়েটিভ মিডিয়া; জনসংযোগ; ইভেন্ট পরিচালনা; প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি পরিচালনা; কুরিয়ার সার্ভিস; প্যাকিং এবং শিফটিং; একই প্রকৃতির অন্যান্য সেবা	কমিশন/ফি - ১০% গ্রস বিল - ২%
		ঘ) মিডিয়া ক্রয়ের এজেন্সী সেবা	কমিশন/ফি - ১০% গ্রস বিল - ০.৬৫%
		ঙ) মোটর গ্যারেজ অথবা ওয়ার্কশপ, ইন্ডেনটিং কমিশন, ব্যক্তিগত কন্টেইনার পোর্ট অথবা ডকইয়ার্ড, শিপিং এজেন্সি কমিশন	৮%
		চ) মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী	১০%

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার
		ছ) মোবাইল নেটওয়ার্ক অপারেটর, প্রযুক্তিগত সহায়তা সেবা প্রদানকারী বা মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিযুক্ত সরবরাহকারী এজেন্ট	১২%
		জ) ক্রেডিট রেটিং এজেন্সি	১০%
		ঝ) স্টিভডোরিং/ বার্থ অপারেশন কমিশন (টার্মিনাল অপারেটর/ শিপ হ্যান্ডলিং অপারেটর)	কমিশন/ফি - ১০% গ্রস বিল - ৫%
		ঞ) পরিবহন সার্ভিস, গাড়ি ভাড়া /ক্যারিং সেবা, রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যেকোন প্রকার শেয়ারিং ইকনমিক প্ল্যাটফর্ম	৫%
		ট) বিদ্যুত সঞ্চালনায় নিয়োজিত হুইলিং চার্জ	৩%
		ঠ) ইন্টারনেট	১০%
		ড) মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা অথবা তাদের চ্যানেল পার্টনারদের সার্ভিস ডেলিভারী এজেন্ট	১০%
		ঢ) উপরে উল্লিখিত নয় এবং কোন ব্যাংক, ইন্স্যুরেন্স, মোবাইল সেবা অথবা আর্থিক প্রতিষ্ঠানের সেবা প্রদান নয় এমন কোন সেবা	১০%
০৬	ধারা-৯১	রয়্যালটি, ফ্র্যাঞ্চাইজ বা লাইসেন্স, পেটেন্ট, কপিরাইট, ট্রেড মার্ক, শিল্প নকশা, উদ্ভিদের জাত, ভৌগোলিক নির্দেশক পণ্য বা মেধাসত্ত্ব সংক্রান্ত অন্য কোন সম্পত্তি অথবা অভৌত বা অমূর্ত বা নিরাকার বিষয়ের জন্য অর্থ পরিশোধ	* ভিত্তিমূল্যের পরিমাণ ২৫,০০,০০০/- টাকা অতিক্রম না করলে-১০%, * ভিত্তিমূল্যের পরিমাণ ২৫,০০,০০০/- টাকা অতিক্রম করলে -১২%
০৭	ধারা-৯২	খবরের কাগজ, ম্যাগাজিন, বেসরকারী টিভি চ্যানেল, বেসরকারী রেডিও স্টেশন, বা অন্য কোন ব্যক্তিকে (মিডিয়া বায়িং এজেন্ট ব্যতীত) প্রদত্ত বিজ্ঞাপনের জন্য অর্থ পরিশোধ কালে পরিশোধযোগ্য অর্থের উপর	৫%
০৮	ধারা-৯৩	ক) চলচ্চিত্র, নাটক, বিজ্ঞাপন, কোন টেলিভিশন বা রেডিও প্রোগ্রামে অভিনয় করার জন্য কোন ব্যক্তিকে অর্থ পরিশোধকালে	১০%
		খ) চলচ্চিত্র, নাটক বা টেলিভিশন বা রেডিও প্রোগ্রাম ক্রয়ের উদ্দেশ্যে ইহার আংশিক বা পূর্ণ অর্থ পরিশোধের জন্য	১০%

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার
০৯	ধারা-৯৪	কমিশন, ডিসকাউন্ট, ফি ইত্যাদি হতে কর্তন	১। কোন কোম্পানী বা ফার্ম কর্তৃক কোন পণ্য সরবরাহ বা বাজারজাতকরণের জন্য কোন পরিবেশক বা কোন ব্যক্তিকে কমিশন, বাট্টা, ডিসকাউন্ট, ফি, ইনসেনটিভ ইত্যাদির সমজাতীয় প্রকৃতির যেকোন পরিশোধ, অনুমোদন, সুবিধা অথবা প্রদানকৃত সুবিধার আর্থিক মূল্যের ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে
			২। কোম্পানী অথবা ফার্মের পণ্য বিপণন/বাজারজাতকরণের সহিত সম্পৃক্ত কোন ব্যক্তিকে অর্থ পরিশোধকালে পরিশোধিত অর্থের ১.৫% হারে উৎসে কর কর্তন করতে হবে
			৩। খুচরা মূল্যের চেয়ে কম মূল্যে (তেল বাজারজাতকরণ কোম্পানী ব্যতীত) কোন পরিবেশক বা কোন ব্যক্তির নিকট চুক্তিতে পণ্য বিক্রয় করলে (বিক্রয় মূল্য ৫%) এর সমপরিমাণ মূল্যের ৫%, তবে শর্ত থাকে যে, সিগারেট প্রস্তুতকারক কোম্পানি বা ফার্মের পণ্য বিক্রয়কালে উক্ত পরিবেশক বা উক্তরূপ অন্য কোনো ব্যক্তির নিকট হইতে পরিবেশক বা অন্য কোনো ব্যক্তির নিকট পণ্যের বিক্রয় মূল্য এবং উক্ত কোম্পানি বা ফার্ম কর্তৃক নির্ধারিত খুচরা মূল্যের মধ্যে পার্থক্যের ৩% (তিন শতাংশ) হারে কর সংগ্রহ করিবে
১০	ধারা-৯৫	ট্রাভেল এজেন্টের নিকট হতে কর সংগ্রহ	টিকেট মূল্য অথবা আকাশ পথে মালামাল পরিবহণে প্রদেয় অর্থের উপর ০.৩০%
১১	ধারা-৯৬	ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ হইতে কর্তন	৫%
১২	ধারা-৯৭	স্থানীয় ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ হইতে কর্তন	(১) যেইক্ষেত্রে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, কোনো স্থানীয় ঋণপত্র বা উপ-ধারা (২) এর অধীন কোনো অর্থায়ন ব্যবস্থা নহে এইরূপ অন্য কোনো অর্থায়ন চুক্তির অধীন ব্যবসা বা প্রক্রিয়া বা রূপান্তরের পরে পুনঃবিক্রি করিবার

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার
		স্থানীয় ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ হইতে কর্তন	উদ্দেশ্যে কোনো ব্যক্তি, অতঃপর ক বলিয়া উল্লিখিত, কর্তৃক অন্য কোনো ব্যক্তি, অতঃপর ব্যক্তি খ বলিয়া উল্লিখিত, এর নিকট হইতে বাংলাদেশে কোনো পণ্য ক্রয়ের জন্য কোনো ঋণ সুবিধা প্রদান করে, সেইক্ষেত্রে উক্ত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ব্যক্তি খ-কে পরিশোধ বা ঋণ প্রদানের সময় ব্যক্তি ক কর্তৃক ক্রয়ের জন্য পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর ৩% (তিন শতাংশ) হারে কর কর্তন করিবে
			(২) যেইক্ষেত্রে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, কোনো পরিবেশককে এইরূপ কোনো অর্থায়ন ব্যবস্থার অধীন কোনো ঋণসুবিধা প্রদান করিয়া যেখানে কোনো ব্যক্তি, অতঃপর ব্যক্তি গ বলিয়া উল্লিখিত, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে তাহার কোনো পরিবেশক, অতঃপর ব্যক্তি ঘ বলিয়া উল্লিখিত, এর নিকট পণ্য বিক্রি বা ইনভয়েসের বিপরীতে কোনো অর্থ প্রাপ্ত হয়, সেইক্ষেত্রে উক্ত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ব্যক্তি গ-কে পরিশোধ বা ঋণ প্রদানের সময় ব্যক্তি ঘ এর অনুকূলে ইনভয়েসকৃত পণ্যের জন্য পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর ১% (এক শতাংশ) হারে কর কর্তন করিবে
			(৩) ধান, গম, গোল আলু, পেঁয়াজ, রসুন, মটরশুটি, ছোলা,মশুর ডাল, আদা, হলুদ, শুকনো মরিচ, ডাল, ভূট্টা, মোটা আটা, আটা, লবণ, ভোজ্যতেল, চিনি, কালো গোল মরিচ,দারুচিনি, বাদাম, লবঙ্গ, খেজুর, ক্যাসিয়া পাতা, কম্পিউটার বা কম্পিউটার যন্ত্রাংশ, পাট, তুলা, সুতা এবং সকল প্রকার ফল ক্রয়ের জন্য খোলা বা কৃত স্থানীয় ঋণপত্র খোলা বা অন্য কোনো অর্থায়ন চুক্তির ক্ষেত্রে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর ২% (দুই শতাংশ) হারে কর কর্তন করিবে

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার	
১৩	ধারা-৯৮	সেলুলার মোবাইল ফোন অপারেটর কর্তৃক পরিশোধিত অর্থের উপর কর কর্তন	১০%	
১৪	ধারা-৯৯	জীবন বিমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোনো পরিশোধ হইতে কর কর্তন	৫%	
১৫	ধারা-১০০	বিমার কমিশনের অর্থ হইতে কর্তন	৫%	
১৬	ধারা-১০১	সাধারণ বিমা কোম্পানি জরিপকারীদের ফি, ইত্যাদি হইতে কর কর্তন	১৫%	
১৭	ধারা-১০২	সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদি হইতে কর কর্তন	কোম্পানির ক্ষেত্রে	২০%
			কোম্পানি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে	১০%
			সরকারি বিশ্ববিদ্যালয়, মান্থলি পে অর্ডারভূক্ত কোনো শিক্ষা প্রতিষ্ঠান, চার্টার্ড অ্যাকাউন্টেন্ট বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারীজ ইনস্টিটিউটের ক্ষেত্রে	১০%
			স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত আনুতোষিক তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল ও পেনশন তহবিলের ক্ষেত্রে	৫%
১৮	ধারা-১০৩	পোস্ট অফিস সঞ্চয় ব্যাংকে রক্ষিত অর্থের সুদ হইতে প্রাপ্ত আয়ের উপর উৎসে কর কর্তন	১০%	
১৯	ধারা-১০৪	নিবাসীর সুদ আয় হইতে কর কর্তন	১০%	
২০	ধারা-১০৫	সঞ্চয় পত্রের মুনাফা হইতে কর কর্তন	১০%	
২১	ধারা-১০৬	সিকিউরিটিজের সুদ হইতে উৎসে কর কর্তন	৫%	
২২	ধারা-১০৭	বাংলাদেশ ব্যাংক বিলের প্রকৃত মূল্যের ছাড়ের উপর উৎসে কর কর্তন	সর্বোচ্চ হার	
২৩	ধারা-১০৮	আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ হইতে কর কর্তন	(১) আন্তর্জাতিক ফোন কল সম্পর্কে আন্তর্জাতিক গেটওয়ে সেবা প্রদানের জন্য আন্তর্জাতিক গেটওয়ে (আইজিডব্লিউ) সেবা প্রদানকারীর হিসাবে কোনো ব্যাংকের মাধ্যমে জমাকৃত মোট অর্থের উপর ১.৫% (এক দশমিক পাঁচ শতাংশ হারে কর কর্তন করিতে হইবে	

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার
			(২) আন্তর্জাতিক গেটওয়ে (আইজিডব্লিউ) সেবা অপারেটর, যাহার মাধ্যমে আন্তর্জাতিক ফোন কল সম্পর্কিত কোনো অর্থ প্রদান করা হয় অথবা ইন্টারকানেকশন এক্সচেঞ্জ (আইসিএক্স), অ্যাক্সেস নেটওয়ার্ক সার্ভিসেস (এএনএস), বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) বা অন্য কোনো ব্যক্তির সহিত বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) এর সহিত চুক্তির অধীন কোনো হিসাবে অর্থ জমা প্রদান করা হয়, উক্ত চুক্তির আওতায় পরিশোধ বা জমাকৃত মোট অর্থের উপর ৭.৫% (সাত দশমিক পাঁচ শতাংশ) হারে কর কর্তন করিবে
			(৩) যেইক্ষেত্রে বহির্গামী আন্তর্জাতিক কলের ক্ষেত্রে ইন্টারকানেকশন এক্সচেঞ্জ (আইসিএক্স) পরিষেবাদি বা অ্যাক্সেস নেটওয়ার্ক পরিষেবাদি (এএনএস) প্রদানের বিনিময়ে কোনো পরিমাণ অর্থ প্রদান বা জমা দেওয়া হয়, সেইক্ষেত্রে উক্ত অর্থ পরিশোধিত বা জমাকৃত অর্থের উপর ৭.৫% (সাত দশমিক পাঁচ শতাংশ) হারে কর কর্তন করিতে হইবে
২৪	ধারা-১০৯	গৃহ সম্পত্তি ভাড়া, হোটেল বা গেষ্ট হাউস, খালি স্থান বা প্ল্যান্ট বা যন্ত্রপাতি বা সরকারি জলাধার ব্যতীত অন্য কোন জলাধার ইত্যাদির প্রদেয় ভাড়া	৫%
২৫	ধারা-১১০	কনভেনশন হল, কনফারেন্স সেন্টার ইত্যাদি সেবার ক্ষেত্রে	৫%
২৬	ধারা-১১১	অধিগ্রহণকৃত সম্পত্তির বিপরীতে ক্ষতিপূরণ প্রদান	স্থাবর সম্পত্তি সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় অবস্থিত হলে - ৬%
			স্থাবর সম্পত্তি সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকার বাহিরে অবস্থিত হলে - ৩%

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার
২৭	ধারা-১১২	নগদ রপ্তানি ভর্তুকির উপর উৎসে কর কর্তন	১০%
২৮	ধারা-১১৩	পরিবহণ মাশুল ফরওয়ার্ড এজেন্সি কমিশন হতে কর কর্তন	১৫%
২৯	ধারা-১১৪	বিদ্যুৎ ক্রয়ের বিপরীতে কর কর্তন	৬%
৩০	ধারা-১১৫	রিয়েল এস্টেট ডেভেলপারের নিকট হইতে ভূমির মালিক কর্তৃক প্রাপ্ত আয় হইতে উৎসে কর কর্তন	১৫%
৩১	ধারা-১১৬	বিদেশি ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক হইতে কর কর্তন	১০%
৩২	ধারা-১১৭	**ডিভিডেন্ড/লভ্যাংশ**	
		ক) বাংলাদেশী কোম্পানী	কোম্পানির উপর প্রযোজ্য হার
		খ) কোম্পানী ব্যতিত ব্যক্তি টিআইএন থাকলে	১০%
		গ) কোম্পানী ব্যতিত ব্যক্তি টিআইএন না থাকলে	১৫%
৩৩	ধারা-১১৮	লটারী, শব্দজট, কার্ডগেম, অনলাইন গেম ইত্যাদি হতে কর কর্তন	২০%
৩৪	ধারা-১১৯ (বিধি-৫)	**সকল অনিবাসীকে (Non-resident) প্রদেয় অর্থ**	
		উপদেষ্টা অথবা পরামর্শ	২০%
		প্রি-শিপমেন্ট পরিদর্শন	২০%
		প্রফেশনাল সার্ভিস, টেকনিক্যাল সার্ভিসেস, টেকনিক্যাল নো-হাউ বা টেকনিক্যাল এ্যাসিসটেন্স	২০%
		আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন	২০%
		সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি	২০%
		স্যাটেলাইট, এয়ারটাইম বা ফ্রিকোয়েন্সি ব্যবহার বাবদ ভাড়া বা অন্য কোনো ব্যায়/ চ্যানেল সম্প্রচার ভাড়া	২০%
		আইনি সেবা	২০%
		ইভেন্ট ম্যানেজমেন্টসহ ম্যানেজমেন্ট সার্ভিস	২০%
		কমিশন	২০%
		রয়্যালটি, লাইসেন্স ফি বা স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ	২০%
		সুদ/মুনাফা	২০%
		বিজ্ঞাপন সম্প্রচার	২০%
		বিজ্ঞাপন নির্মাণ ও ডিজিটাল মার্কেটিং	১৫%
		বিমান পরিবহন বা নৌ পরিবহন	৭.৫০%
		কন্ট্রাক্ট বা সাব কন্টাক্ট	৭.৫০%

ক্রমিক	ধারা	উৎসসমূহ		উৎসে আয়কর কর্তনের হার
		সরবরাহ		৭.৫০%
		মূলধনি মুনাফা		১৫%
		বীমা প্রিমিয়াম		১০%
		যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ভাড়া		১৫%
		লভ্যাংশ	১) কোম্পানী, তহবিল বা ট্রাস্ট	২০%
			২) কোম্পানী, তহবিল বা ট্রাস্ট ব্যতীত	৩০%
		শিল্পী, গায়ক/গায়িকা, খেলোয়ারগণ		৩০%
		বেতন বা পারিশ্রমিক		৩০%
		পেট্রোলিয়াম অপারেশনের অনুসন্ধান বা ড্রিলিং		৫.২৫%
		কয়লা,তেল বা গ্যাস অনুসন্ধানের জন্য সমীক্ষা		২০%
		জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানির সার্ভেয়ার ফি ইত্যাদি		৫.২৫%
		তেল বা গ্যাসক্ষেত্র এবং এর রপ্তানি পয়েন্টের মধ্যে সংযোগ স্থাপনের জন্য যেকোনো সেবা		৫.২৫%
		ব্যান্ডউইদ বাবদ পরিশোধ		১০%
		কুরিয়ার সার্ভিস		১৫%
		অন্য কোনো পরিশোধ		২০%
৩৫	ধারা-১২০	আমদানিকারকদের নিকট হইতে কর সংগ্রহ		বিধি-৭ অনুযায়ী
৩৬	ধারা-১২১	জনশক্তি রপ্তানি হইতে কর সংগ্রহ		১০%
৩৭	ধারা-১২২	ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্টদের নিকট হইতে কর সংগ্রহ		১০%
৩৮	ধারা-১২৩	রপ্তানি আয় হইতে কর সংগ্রহ		১%
৩৯	ধারা-১২৪	কোনো সেবা, রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ বিদেশ হতে প্রেরিত আয় হতে কর কর্তন		বাংলাদেশে প্রদত্ত কোন সেবা, কোন নিবাসী ব্যক্তি কর্তৃক কোন বিদেশী ব্যক্তিকে পরিসেবা প্রদান এবং বিজ্ঞাপন বা অন্য কোন উদ্দেশ্যে অনলাইন প্ল্যাটফরম ব্যবহারের অনুমতি প্রদানের ক্ষেত্রে পরিশোধিত অর্থের ১০% হারে কর কর্তন
				ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভার্সন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোন কাজের জন্য সম্পাদিত চুক্তির বিপরীতে ৭.৫% হারে কর্তন

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার
৪০	ধারা-১২৫	সম্পত্তি হস্তান্তর ইত্যাদি হতে কর সংগ্রহ	বিধি-৬ অনুযায়ী
৪১	ধারা-১২৬	রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়ন কারীর নিকট হইতে কর সংগ্রহ	এই ধারার অধীন কর সংগ্রহের ক্ষেত্রে, করের হার- (ক) আবাসিক উদ্দেশ্যে নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে ১ (এক) হাজার ৬০০ (ছয়শত) টাকা, (খ) আবাসিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য না হইলে ৬ (ছয়) হাজার ৫০০ (পাঁচশত) টাকা, (গ) ভবন বা অ্যাপার্টমেন্টের সহিত সংশ্লিষ্ট ভূমির ক্ষেত্রে দলিলমূল্যের ৫% (পাঁচ শতাংশ), এর অধিক হইবে না
৪২	ধারা-১২৭	সরকারী স্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশোধিত কমিশন হতে কর সংগ্রহ	১০%
৪৩	ধারা-১২৮	সম্পত্তির ইজারা হতে কর সংগ্রহ	ইজারা মূল্যের ৪%
৪৪	ধারা-১২৯	সিগারেট উৎপাদনকারী হইতে কর সংগ্রহ	১০%
৪৫	ধারা-১৩০	ইট প্রস্তুতকারকের নিকট হতে কর সংগ্রহ	১ সেকশন বিশিষ্ট- ৪৫,০০০/- ১.৫ সেকশন বিশিষ্ট- ৭০,০০০/- ২ সেকশন বিশিষ্ট- ৯০,০০০/- অটোমেটিক- ১,৫০,০০০/-
৪৬	ধারা-১৩১	ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়নের সময় কর সংগ্রহ	ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনে নবায়নের জন্য ৩,০০০/- ঢাকা ও চট্টগ্রাম ব্যতীত অন্যান্য সিটি কর্পোরেশনে নবায়নের জন্য ২,০০০/- জেলা সদরে অবস্থিত পৌরসভায় নবায়নের জন্য ১,০০০/- অন্য যে কোন পৌরসভায় নবায়নের জন্য ৫০০/-
৪৭	ধারা-১৩২	কোনো নিবাসীর জাহাজ ব্যবসা হইতে কর সংগ্রহ	৫%
৪৮	ধারা-১৩৩	প্রকাশ্য নিলামের বিক্রি হতে কর সংগ্রহ	
		(১) কোনো ব্যক্তি কোনো নির্দিষ্ট মালিকের কোনো পণ্য বা সম্পত্তি সীলমোহরযুক্ত দরপত্রের মাধ্যমে প্রকাশ্য নিলামে বিক্রয় করিলে উক্ত	১০%

ক্রমিক	ধারা	উৎসসমূহ	উৎসে আয়কর কর্তনের হার
		পণ্য বা সম্পত্তির স্বত্ব হস্তান্তর অথবা কোনো অধিকার চর্চার অনুমতি প্রদানের পূর্বে মোট বিক্রয় মূল্যের উপর	
		(২) প্রকাশ্য নিলামে চা বিক্রয়ের ক্ষেত্রে	১%
৪৯	ধারা-১৩৪	কোম্পানীর শেয়ার হস্তান্তর (তালিকাভুক্ত কোম্পানী ব্যতীত) অভিহিত মূল্য ও ন্যায্য মূল্যের পার্থক্যের	১৫%
৫০	ধারা-১৩৫	সিকিউরিটিজ হস্তান্তর হইতে কর সংগ্রহ	৫%
৫১	ধারা-১৩৬	স্টক এক্সচেঞ্জের শেয়ারহোল্ডারদের শেয়ার স্থানান্তর হইতে কর সংগ্রহ	১৫%
৫২	ধারা-১৩৭	স্টক এক্সচেঞ্জের সদস্যদের নিকট হইতে কর সংগ্রহ	০.০৫%

উৎসে কর কর্তন ও কর্তিত উৎসে কর জমাদানে ব্যর্থতায় জরিমানার বিধান ঃ

আয়কর আইন, ২০২৩ এ বর্ণিত বিধিবদ্ধ সময়ের মধ্যে উৎসে কর্তিত/সংগৃহীত কর সরকারী কোষাগারে জমাদানে ব্যর্থ হলে আয়কর আইন ২০২৩ এর ধারা ১৪৩ অনুযায়ী নিম্মলিখিত আইনানুগ কার্যক্রম গ্রহণ করার বিধান রয়েছে ঃ

কর্তন, সংগ্রহ, ইত্যাদির ব্যর্থতার ফলাফল :- (১) যেইক্ষেত্রে কোনো ব্যক্তি এই অংশের বিধানাবলির অধীন-

(ক) উৎসে কর কর্তন বা সংগ্রহ করিতে ব্যর্থ হন; বা

(খ) অপেক্ষাকৃত কম হারে বা পরিমাণে কর কর্তন বা সংগ্রহ করেন; বা

(গ) উৎসে কর কর্তন বা সংগ্রহ করিবার পর তাহা সরকারের অনুকূলে জমা প্রদান করিতে ব্যর্থ হন অথবা যেই পরিমাণ কর কর্তন বা সংগ্রহ করেন তাহার চাইতে কম পরিমাণ অর্থ সরকারের অনুকূলে জমা প্রদান করেন; বা

(ঘ) অন্য কোনো প্রকার পরিপালনে ব্যর্থ হন,

সেইক্ষেত্রে এইরূপ ব্যক্তি খেলাপি করদাতা হিসাবে গণ্য হইবেন।

(২) উপ-ধারা (১) অনুযায়ী খেলাপি করদাতা হিসাবে গণ্য ব্যক্তি, এই আইনের অধীন অন্য যে সকল পরিণতির জন্য দায়ী হইতে পারেন তাহা ক্ষুণ্ন না করিয়া নিম্নবর্ণিত অর্থ পরিশোধের জন্য দায়ী থাকিবেন, যথা:-

(ক) যেই পরিমাণ অর্থ কর্তন বা সংগ্রহ করা হয় নাই;

(খ) যেই পরিমাণ অর্থ কর্তন বা সংগ্রহ করা আবশ্যক এবং প্রকৃতভাবে যাহা কর্তন বা সংগ্রহ করা হইয়াছে এই দুইয়ের পার্থক্যের সমপরিমাণ অর্থ; বা

(গ) কর কর্তন বা সংগ্রহ করিবার পর যেই পরিমাণ অর্থ সরকারের অনুকূলে জমা প্রদান করা হয় নাই তাহার সমপরিমাণ অর্থ; এবং

(ঘ) অন্য কোনো বিধানাবলি পরিপালনের ব্যর্থতায় অনধিক ১০ (দশ) লক্ষ টাকা।

(৩) উপ-ধারা (১) এ উল্লিখিত পরিমাণের অর্থ পরিশোধ ছাড়াও, উপ-ধারা (১) অনুযায়ী খেলাপি করদাতা হিসাবে গণ্য ব্যক্তি উপ-ধারা (২) এর দফা (ক), (খ) এবং (গ) এ

উল্লিখিত পরিমাণের উপর নিম্নবর্ণিত সারণীতে প্রদত্ত অতিরিক্ত অর্থ গণনার ভিত্তি অঙ্কের উপর প্রতিমাসে ২% (দুই শতাংশ) হারে অতিরিক্ত পরিমাণ অর্থ পরিশোধের জন্য দায়ী হইবেন, যথা:-

সারণী

ক্রমিক নং	ক্ষেত্রসমূহ	অতিরিক্ত অর্থ পরিগণনার ভিত্তি
১	২	৩
১	এই অংশের বিধানাবলি অনুসারে কর কর্তন বা সংগ্রহের ব্যর্থতা	যেই পরিমাণ উৎসে কর কর্তন বা সংগ্রহ করা হয়নি।
২	কমহারে বা কম পরিমাণে কর কর্তন বা সংগ্রহ	যেই পরিমাণ উৎসে কর কম কর্তন বা সংগ্রহ করা হইয়াছে।
৩	কর্তন বা সংগ্রহের পর উহা সরকারি কোষাগারে জমা না দেওয়া বা পরিমাণে কম জমা দেওয়া	উৎসে কর কর্তনের পর যেই পরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দেওয়া হয় নাই।

(৪) উপ-ধারা (৩) এর অধীন অতিরিক্ত অর্থ পরিগণনার মেয়াদ উৎসে কর কর্তন বা সংগ্রহের নির্ধারিত তারিখ হইতে সরকারি কোষাগারে জমা দেওয়ার তারিখ পর্যন্ত হইবে: তবে শর্ত থাকে যে, এইরূপ মেয়াদ ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না।

(৫) উপকর কমিশনার উপ-ধারা (১) এ উল্লিখিত ব্যক্তিকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিয়া তাহার নিকট হইতে উপ-ধারা (২) এর অধীন পরিশোধযোগ্য অর্থসহ উপ-ধারা (৩) এ উল্লিখিত অতিরিক্ত পরিমাণ অর্থ আদায়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৬) যেইক্ষেত্রে সরকার, সরকারি প্রতিষ্ঠান, কর্তৃপক্ষ, প্রজেক্ট, প্রোগ্রাম, সংস্থা, ইউনিট বা সরকারের আর্থিক বা পরিচালনগত সংশ্লিষ্টতা রহিয়াছে এইরূপ কোনো কর্মকাণ্ডে উৎসে কর কর্তন বা সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত, সেইক্ষেত্রে-

(ক) অর্থ পরিশোধের অনুমোদন বা অনুমতির জন্য দায়িত্বপ্রাপ্ত স্বাভাবিক ব্যক্তি বা ব্যক্তিগণ; অথবা

(খ) ছাড়পত্র, রেজিস্ট্রেশন, লাইসেন্স, পারমিট প্রদান, অনুমোদন বা অনুমতি দানের জন্য দায়িত্বপ্রাপ্ত স্বাভাবিক ব্যক্তি বা ব্যক্তিগণ,

এই ধারার অধীন কর, জরিমানা ও অতিরিক্ত অর্থ পরিশোধের জন্য যৌথভাবে ও পৃথকভাবে দায়ী হইবেন।

(৭) যেইক্ষেত্রে সরকার, সরকারি প্রতিষ্ঠান, কর্তৃপক্ষ, প্রজেক্ট, প্রোগ্রাম, সংস্থা, ইউনিট বা সরকারের আর্থিক বা পরিচালনগত সংশ্লিষ্টতা রহিয়াছে এইরূপ কোনো কর্মকাণ্ড ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উৎসে কর কর্তন বা সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত, সেইক্ষেত্রে-

(ক) ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজে, এবং

(খ) অর্থ পরিশোধের অনুমোদন বা অনুমতি দানের জন্য দায়িত্বপ্রাপ্ত স্বাভাবিক ব্যক্তি বা ব্যক্তিগণ-

এই ধারার অধীন কর, জরিমানা ও অতিরিক্ত অর্থ পরিশোধের জন্য যৌথভাবে ও পৃথকভাবে দায়ী হইবেন।

(৮) যে ব্যক্তির নিকট হইতে কর সংগ্রহযোগ্য বা কর্তনযোগ্য তিনি ইতোমধ্যে উপ-ধারা (২) ও (৩) এ উল্লিখিত সকল প্রকারের অর্থ সম্পূর্ণভাবে পরিশোধ করিয়া থাকিলে, উপ-ধারা (২) ও (৩) এ উল্লিখিত অর্থ আদায়ের পদক্ষেপ গ্রহণ করা হইবে না।

আয়কর আইন, ২০২৩-এর ধারা ১৭৭ মোতাবেক মাসিক উৎসে কর রিটার্ন দাখিল প্রসঙ্গে ঃ

(১) নিম্নবর্ণিত ব্যক্তিগণ বোর্ড কর্তৃক যেইরূপ উপযুক্ত সেইরূপ নির্ধারিত ফরমে অংশ ৭ এর বিধানাবলির অধীন কর্তনকৃত বা সংগ্রহকৃত করের রিটার্ন দাখিল করিবেন:

(ক) স্থানীয় কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা, সরকারের কোনো কর্তৃপক্ষ, বাংলা ভাষায় পাঠদানকারী প্রাথমিক বা প্রাক-প্রাথমিক বিদ্যালয়, সরকারি মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, বা মাসিক পেমেন্ট আদেশভুক্ত (এমপিও) কোনো শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য কোম্পানি;

(খ) ফার্ম;

(গ) ব্যক্তিসংঘ;

(ঘ) বেসরকারি হাসপাতাল;

(ঙ) ক্লিনিক;

(চ) ডায়াগনস্টিক সেন্টার।

(২) উপ-ধারা (১) এর অধীন রিটার্ন-

(ক) করদাতা যে উপকর কমিশনারের অধিক্ষেত্রের আওতাধীন তাহার নিকট দাখিল করিতে হইবে;

(খ) নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট বিবরণ ও তথ্যাদি এবং তফসিল, বিবৃতি, হিসাব, পরিশিষ্ট বা দলিলাদি সহযোগে দাখিল করিতে হইবে;

(গ) ধারা ১৬৯ এর উপ-ধারা (৫) এ বর্ণিত পদ্ধতিতে স্বাক্ষরিত ও প্রতিপাদন করিতে হইবে;

(৩) উপ-ধারা (১) এর অধীন রিটার্ন নিম্নবর্ণিত সময়ে দাখিল করিতে হইবে, যথা:-

(ক) প্রতি মাসের ১৫ (পনেরো) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের জন্য প্রযোজ্য রিটার্ন দাখিল করিতে হইবে; এবং

(খ) যেইক্ষেত্রে কোনো মাসের ১৫ (পনেরো) তারিখ সাপ্তাহিক বা সরকারি কোনো ছুটির দিন সেইক্ষেত্রে পরবর্তী অফিস খোলার দিন;

(৪) উপকর কমিশনার এই ধারার অধীন রিটার্ন দাখিলের সময় নির্ধারিত তারিখ হইতে অনধিক ১৫ (পনেরো) দিন বা উক্ত মাসের শেষ দিন পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবেন।

(৫) বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ইলেকট্রনিক, যন্ত্রে পাঠযোগ্য বা কম্পিউটারে পাঠযোগ্য মাধ্যমে রিটার্ন দাখিলের ক্ষেত্র, ফরম ও পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

উৎসে কর রিটার্ন, ইত্যাদি দাখিলে ব্যর্থতার জন্য জরিমানা ঃ

কোনো উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ যদি ধারা ১৭৭ মোতাবেক উৎসে কর রিটার্ন দাখিল না করেন, তাহলে আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৬ (২) অনুযায়ী নিম্ন বর্ণিত জরিমানার বিধান রয়েছে।

(২) যেইক্ষেত্রে কোনো ব্যক্তি যুক্তিসঙ্গত কারণ ব্যতীত,

(ক) ধারা ১৭৭ এর অধীন কোনো রিটার্ন, তথ্য দাখিল বা উপস্থাপন করিতে ব্যর্থ হইয়াছেন সেইক্ষেত্রে উপকর কমিশনার উক্ত ব্যক্তির উপর তাহার সর্বশেষ নিরূপিত আয়ের উপর ধার্যকৃত করের ১০% (দশ শতাংশ) হারে অথবা ৫ (পাঁচ) হাজার টাকা, দু'টির মধ্যে যাহা অধিক, সেই পরিমাণ জরিমানা আরোপ করিতে পারিবেন এবং ব্যর্থতা অব্যাহত থাকিলে, ব্যর্থতা অব্যাহত থাকাকালীন প্রতি মাসের জন্য অথবা তাহার ভগ্নাংশের জন্য ১ (এক) হাজার টাকা হারে অতিরিক্ত জরিমানা আরোপ করিতে পারিবেন;

অগ্রিম করের পরিমাণ এবং তাহা পরিশোধের সময় (ধারা- ১৫৫)

অগ্রিম কর হিসাবে পরিশোধযোগ্য ন্যূনতম কর নিম্নবর্ণিতভাবে ৪ (চার) টি সমান কিস্তিতে পরিশোধ্য হইবে, যথাঃ-

অর্থবৎসরের তারিখ	পরিশোধতব্য অর্থের পরিমাণ
১	২
১৫ সেপ্টেম্বর	২৫% (পঁচিশ শতাংশ)
১৫ ডিসেম্বর	২৫% (পঁচিশ শতাংশ)
১৫ মার্চ	২৫% (পঁচিশ শতাংশ)
১৫ জুন	২৫% (পঁচিশ শতাংশ)

কর অঞ্চল-২, চট্টগ্রাম এর উৎসে কর কর্তন মনিটরিং সেলের সাথে প্রযোজ্য ক্ষেত্রে যোগাযোগের জন্য ঃ

অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১ ও আহ্বায়ক, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩১৬৩৫০
অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-২ ও সদস্য, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩২০৮৭৫
যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-৩ ও সদস্য, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩২০৭৮২
যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-৪ ও সদস্য, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩২৭২৪২
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন) ও সদস্য সচিব, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩১৫৫৭২
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রায়োগিক) ও সদস্য, উৎসে আয়কর কর্তন তদারকী সংক্রান্ত টাস্কফোর্স, কর অঞ্চল-২, চট্টগ্রাম	০২৩৩৩৩২৬৪৪৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এস.আর.ও ৩৫১-আইন/আয়কর/২০২২, তারিখঃ ০৬/১২/২০২২ ইং মূলে জাতীয় রাজস্ব বোর্ড এর সকল কার্যক্রম ডিজিটাল মাধ্যমে নেওয়ার প্রক্রিয়া হিসাবে উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষকে e-TDS Enviroment সংক্রান্ত www.etds.gov.bd পোর্টালে রেজিস্ট্রেশন সম্পন্ন করে সকল প্রকার উৎসে কর e-TDS Enviroment সংক্রান্ত www.etds.gov.bd পোর্টালের মাধ্যমে কর্তন ও জমা দিতে হবে।

আয়কর সংক্রান্ত গুরুত্বপূর্ণ Link সমূহ

আয়কর আইন, ২০২৩

আয়কর বিধিমালা, ২০২৩

উৎসে কর সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ

আয়কর নির্দেশিকা

আয়কর এস.আর.ও

আয়কর পরিপত্র

আয়কর এর বিভিন্ন ফরম

কর অঞ্চল-২, চট্টগ্রাম

সমৃদ্ধির সোনালী দিন
আনতে হলে কর দিন

সবাই মিলে দিলে কর
দেশ হবে স্বনির্ভর

কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-২, চট্টগ্রাম

সরকারী কার্য ভবন-১ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম

টেলিফোন : 031-2515572, E-mail: ctgzone2@gmail.com